

হাই স্কুলে ভর্তির আবেদন উন্মুক্ত—1 ডিসেম্বরের মধ্যে হাই স্কুলে আবেদন করুন!

প্রিয় পরিবারবর্গ,

হাই স্কুলে ভর্তির আবেদন এখন উন্মুক্ত রয়েছে, এবং 1 ডিসেম্বর, 2022 আবেদনের শেষ তারিখ। NYC-র সকল বর্তমান অষ্টম গ্রেডের (এবং আগ্রহী প্রথমবারের মত নবম গ্রেডের) শিক্ষার্থীদের আবেদন করতে স্বাগত জানানো ও উৎসাহিত করা হচ্ছে। নিম্নলিখিত উপায়ে:

1. আপনার [MySchools.nyc](https://www.myschools.nyc.gov) অ্যাকাউন্টে লগ ইন করুন। আপনি হাই স্কুলগুলো অন্বেষণ করতে, আবেদন করতে এবং আপনার হাই স্কুল অফার পেতে মাইস্কুলস্ ব্যবহার করবেন। একটি অ্যাকাউন্ট তৈরিতে সহায়তা প্রয়োজন? এই [টিউটোরিয়ালটি](https://www.myschools.nyc.gov/faq) দেখুন।
2. হাই স্কুল এবং প্রোগ্রামসমূহ সম্পর্কে জানুন
 - আগ্রহ, অবস্থান, এবং আরও অনেক কিছুর ভিত্তিতে প্রোগ্রামসমূহ খুঁজতে [মাইস্কুলস্](https://www.myschools.nyc.gov) ব্যবহার করুন। প্রতিটি প্রোগ্রামের পেজ সেটা কীভাবে অফার প্রদান করে এবং অডিশনের মত কোনো বাড়তি ধাপ আপনার পূরণ করা প্রয়োজন কিনা সেবিষয়ে তথ্য অন্তর্ভুক্ত করে। আমাদের ওয়েবসাইটে, [কীভাবে অডিশন করতে হয়](https://www.myschools.nyc.gov/faq) এবং [স্কিনড \(যাচাইকরণ\) প্রোগ্রামসমূহে শিক্ষার্থীরা কীভাবে অফার পাবে](https://www.myschools.nyc.gov/faq) তা জানুন।
 - আগ্রহের স্কুলগুলো পরিদর্শন করুন। খুব শিঘ্রই, হাই স্কুলগুলোর ওপেন হাউজের তথ্য অন্তর্ভুক্ত করে মাইস্কুলের কার্যক্রমের ক্যালেন্ডার হালনাগাদ করা হবে।
 - মাইস্কুলস্-এ আপনার সন্তানের আবেদনপত্রে পছন্দসই 12-টি প্রোগ্রাম যোগ করুন। আপনার পছন্দের প্রকৃত ক্রমানুসারে প্রোগ্রামগুলোকে তালিকাবদ্ধ করুন, আপনার সর্বাধিক পছন্দটি শীর্ষে, #1 হিসেবে।

**অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে নয়টি স্পেশলাইজড হাই স্কুলের ভিন্ন ভর্তি প্রক্রিয়া রয়েছে; এই স্কুলগুলো আপনার হাই স্কুল আবেদনে বিকল্প হিসেবে প্রদর্শন করবে না:

- [লাগোয়ার্ডিয়া হাই স্কুল](https://www.myschools.nyc.gov/faq)। একটি পৃথক লাগোয়ার্ডিয়ায় ভর্তির আবেদন জমা দিন এবং স্কুলের ছয়টি আর্টস্ প্রোগ্রামের যেকোনোটিতে আবেদনের জন্য 1 ডিসেম্বরের মধ্যে অডিশন করুন—[কীভাবে অডিশন দিতে হয় তা জানুন](https://www.myschools.nyc.gov/faq)।
- [ভর্তির জন্য পরীক্ষা গ্রহণকারী স্পেশলাইজড হাই স্কুলসমূহ](https://www.myschools.nyc.gov/faq)। স্পেশলাইজড হাই স্কুল অ্যাডমিশন টেস্ট (SHSAT) দিতে 4 নভেম্বরের মধ্যে [অনলাইনে](https://www.myschools.nyc.gov/faq), আপনার স্কুলের কাউন্সিলারের মাধ্যমে, অথবা একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের মাধ্যমে রেজিস্টার করুন, যা আটটি পরীক্ষার মাধ্যমে ভর্তির [স্পেশলাইজড হাই স্কুলে](https://www.myschools.nyc.gov/faq) ভর্তি নির্ধারণ করে। রেজিস্টারকৃত শিক্ষার্থীরা নভেম্বর অথবা ডিসেম্বরে একটি সময়সূচিকৃত তারিখে SHSAT দেবে।

3. 1 ডিসেম্বরের মধ্যে আবেদন করুন! আপনি নিম্নলিখিত উপায়সমূহে আপনার হাই স্কুল আবেদন এবং/অথবা লাগোয়ার্ডিয়া আবেদনপত্র জমা দিতে পারেন:

- অনলাইনে [মাইস্কুলস্](https://www.myschools.nyc.gov)-এর মাধ্যমে।
- আপনার সন্তানের বর্তমান স্কুল কাউন্সিলার অথবা কোনও [ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের](https://www.myschools.nyc.gov/faq) মাধ্যমে।

আপনার [মাইস্কুলস্](https://www.myschools.nyc.gov) অ্যাকাউন্ট, আপনার সন্তানের অনন্য অ্যাকাউন্ট তৈরির কোড, অথবা আপনার আবেদন সংক্রান্ত কোনও বিষয়ে সহায়তা প্রয়োজন? ভর্তি বিষয়ে অন্য কোনও প্রশ্ন আছে কি? সহায়তা দেয়ার জন্য আমরা আপনার পাশে আছি! আপনার সন্তানের স্কুল কাউন্সিলারের সাথে কথা বলুন অথবা একটি [ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের](https://www.myschools.nyc.gov/faq) সাথে যোগাযোগ করুন।

আপনার বিশ্বস্ত,

হাই স্কুল অ্যাডমিশনস্ টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp ওয়েবসাইটে, আমাদের হাই স্কুলে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নামে লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না।

হাই স্কুলে অ্যাডমিশন বিষয়ে ভবিষ্যতে কোনও বার্তা না পেতে চাইলে, তথা আনসাবস্ক্রাইব করতে, অনুগ্রহ করে [এখানে](https://schools.nyc.gov/SignUp) ক্লিক করুন।